# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৩৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন “তুমি যে সাওয়াবের প্রত্যাশা করেছো, আল্লাহ তোমাকে সব কিছুর সাওয়াব দিয়েছেন”

ذِكْرُ السَّبَبِ الَّذِي مِنْ أَجْلِهِ قَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْطَاكَ اللَّهُ ذَلِكَ

---

আরবী

2039 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثنا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا جَرِيرٌ عَنْ سُلَيْمَانَ التَّيْمِيِّ عَنْ أَبِي عُثْمَانَ عَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ قَالَ:
كَانَ رَجُلٌ لَا أَعْلَمُ رَجُلًا مِنَ النَّاسِ مِنْ أَهْلِ الْمَدِينَةِ مِمَّنْ يُصَلِّي الْقِبْلَةَ أَبْعَدَ جِوَارًا مِنَ الْمَسْجِدِ مِنْ ذَلِكَ الرَّجُلِ قَالَ: قُلْتُ: لَوْ أَنَّكَ اشْتَرَيْتَ حِمَارًا تَرْكَبُهُ فِي الظَّلْمَاءِ أَوِ الرَّمْضَاءِ؟ فَقَالَ: فَنَمَا الْحَدِيثُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلَهُ فَقَالَ: يَا نَبِيَّ اللَّهِ أَرَدْتُ أَنْ يُكتب لِي إِقْبَالِي إِذَا أَقْبَلْتُ إِلَى الْمَسْجِدِ وَرُجُوعِي إِذَا رَجَعْتُ قَالَ: فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَعْطَاكَ اللَّهُ ذَلِكَ أَجْمَعَ أَنْطَاكَ اللَّهُ مَا احْتَسَبْتَ أجمع)
الراوي : أُبَيّ بْن كَعْبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2039 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (566)

বাংলা

২০৩৯. উবাই বিন কা‘ব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “মদীনার এক ব্যক্তি যিনি নিয়মিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে জামা‘আতে সালাত করতেন, মাসজিদে নববী থেকে তার চেয়ে দুরবর্তী আর কারো বাড়ি আছে বলে আমার জানা নেই। অতঃপর তাঁকে বলা হলো, “যদি আপনি একটি গাধা কিনতেন, তাহলে তপ্ত বালু ও অন্ধকার রাতে তার উপর আরোহন করতে পারতেন!” রাবী বলেন, “অতঃপর ব্যাপারটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জানানো হলে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে এই ব্যাপারে জিজ্ঞেস করেন। জবাবে সেই ব্যক্তি বলেন, “হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি চেয়েছি যে,

মাসজিদে আমার যাওয়া এবং সেখান থেকে বাড়ি ফেরা –সবকিছুর সাওয়ার লেখা হোক।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আল্লাহ তোমাকে এসব কিছু প্রদান করেছেন, তুমি যে সাওয়াবের প্রত্যাশা করেছো, আল্লাহ তোমাকে সব কিছুর সাওয়াব দিয়েছেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১৩৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২০৭; সহীহ মুসলিম: ৬৬৩; আবূ দাউদ: ৫৫৭; দারেমী: ১/২৯৭; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫০০; আবূ আওয়ানা: ১/৩৯৮; সুনান বাইহাকী: ৩/৬৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮৮৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৫৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91357

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন